# বিশ্বে রোগের প্রভাব 2023

GBD 2023 অধ্যয়ন থেকে প্রাপ্ত ফলাফলসমূহ



Institute for Health
Metrics and Evaluation

# বিশ্বে রোগের প্রভাব 2023

GBD 2023 অধ্যয়ন থেকে প্রাপ্ত ফলাফলসমূহ

ইন্সটিটিউট ফর হেলথ মেট্রিক্স এন্ড ইভালুয়েশন
ইউনিভার্সিটি অফ ওয়াশিংটন

এই বুকলেটটি গেটস্ ফাউন্ডেশন-এর মূল আর্থিক সহায়তায় ইন্সটিটিউট ফর হেলথ মেট্রিক্স এন্ড ইভালুয়েশন (IHME) দ্বারা প্রস্তুত করা হয়েছে। এখানে যে মতামতগুলি প্রকাশ করা হয়েছে, তা লেখকদের নিজস্ব। এই প্রকাশনার বিষয়বস্তু সম্পূর্ণ বা আংশিকভাবে পুনরুৎপাদন এবং পুনর্বন্টন করা যেতে পারে, তবে তা শুধু অ-বাণিজ্যিক উদ্দেশ্যে করা যেতে পারে; এর মূল বিষয়বস্তু পরিবর্তন করা চলবে না; IHME-কে সম্পূর্ণ স্বীকৃতি দিতে হবে।

এই কাজটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-নন-কমার্শিয়াল-নোডেরিভস 4.0 আনপোর্টেড লাইসেন্স-এর অধীনে লাইসেন্সপ্রাপ্ত। এই লাইসেন্সের কপি দেখতে, https://creativecommons.org/licenses/by-nc-nd/4.0/ দেখুন। লাইসেন্সের এই বিধিনিষেধের বাইরে যেকোনো রকম ব্যবহারের জন্য, অনুগ্রহ করে engage@healthdata.org-এ IHME গ্লোবাল এনগেজমেন্ট-এর সাথে যোগাযোগ করুন।

উদ্ধৃতি: ইন্সটিটিউট ফর হেলথ মেট্রিক্স এন্ড ইভালুয়েশন (IHME)। *বিশ্বে রোগের প্রভাব 2023: GBD 2023 অধ্যয়ন থেকে প্রাপ্ত ফলাফলসমূহ*। Seattle, WA: IHME, 2025.

Institute for Health Metrics and Evaluation
3980 15th Ave NE
Seattle WA 98195
USA
www.healthdata.org

এই রিপোর্টের কপি পেতে হলে, অনুগ্রহ করে
IHME-এর সাথে যোগাযোগ করুন:
টেলিফোন: +1-206-897-2800
ফ্যাক্স: +1-206-897-2899
ইমেল: engage@healthdata.org

© 2025 Institute for Health Metrics and Evaluation

# বিষয় সামগ্রী


**5** ভূমিকা

**7** শব্দকোষ

**8** COVID-19-এর পরে বিশ্ব স্বাস্থ্য পরিস্থিতি আবার উঠে দাঁড়ালেও, অনেক অঞ্চলেই মানুষজন অকালে মারা যাচ্ছেন।

**10** COVID-19 জনিত পরিস্থিতি কাটিয়ে ওঠার সময় কয়েকটি অঞ্চলে মৃত্যুর হার বৃদ্ধি পেতে দেখা গেছে

**12** সংক্রমণজনিত ব্যাধি রোধ করার জন্য বিশ্বের বিভিন্ন প্রান্তে খুবই উন্নতি লক্ষ্য করা গেছে কিন্তু ডায়াবেটিস, মানসিক রোগ এবং স্থূলত্ব/ অত্যধিক ওজনজনিত সমস্যা ক্রমাগত বৃদ্ধি পেয়েছে

**15** GBD 2023 অধ্যয়নের সংস্থানসমূহ

# ভূমিকা

**সর্বশেষ বিশ্বব্যাপী রোগ, আঘাত ও ঝুঁকিপূর্ণ কারণসমূহের অধ্যয়ন (gbd) – 2023 সালের তথ্য সহ –** COVID-19 মহামারির পর বিশ্বের স্বাস্থ্য পরিস্থিতির একটি বিস্তৃত চিত্র উপস্থাপন করে। অধিকাংশ দেশে আয়ুষ্কাল আবার মহামারির পূর্বের স্তরে ফিরে এসেছে। এছাড়াও, সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে বিভিন্ন সংক্রামক রোগ মোকাবিলায় এবং নবজাতক শিশুদের জীবন বাঁচাতে কমিউনিটিগুলি অভূতপূর্ব অগ্রগতি অর্জন করেছে। তবু এই উন্নতির পরেও নবজাতক শিশুদের অসুস্থতা, নিম্ন শ্বাসনালী সংক্রমণ এবং ডায়রিয়ার মতো রোগগুলি এখনও বিশ্বজুড়ে স্বাস্থ্য সমস্যার শীর্ষ 10টির মধ্যে রয়েছে। এই রোগগুলির বিরুদ্ধে লড়াই এখনও শেষ হওয়ার থেকে বহু দূরে, এবং স্বাস্থ্যের জন্য উন্নয়ন সহায়তায় কাটছাঁট করার ফলে এই ক্ষেত্রগুলিতে দেশগুলির সাফল্য বিপন্ন হচ্ছে।

এছাড়াও, অ-সংক্রামক রোগগুলি একটি ক্রমবর্ধমান সমস্যা, বিশেষ করে সীমিত স্বাস্থ্য ব্যবস্থাযুক্ত এলাকাগুলিতে। উদাহরণস্বরূপ, কার্ডিওভাসকুলার রোগের ক্ষেত্রে দেখা যায়, কিছু দেশের মানুষ অন্যান্য দেশের তুলনায় গড়ে 30 বছর আগে মারা যাচ্ছেন, যা সম্পদ এবং চিকিৎসার ক্ষেত্রের বৈষম্যকে তুলে ধরে। অ-সংক্রামক রোগ থেকে অকালমৃত্যু এবং খারাপ স্বাস্থ্য আটকাতে হলে কিছু ঝুঁকির কারণকে লক্ষ্য করে কাজ করা অপরিহার্য—যেমন: উচ্চ রক্তচাপ, বায়ু দূষণ, ধূমপান, উচ্চ রক্ত শর্করা এবং অতিরিক্ত ওজন/স্থূলতা (উচ্চ বডি মাস ইনডেক্স)।

ঝুঁকির কারণগুলির প্রসঙ্গে GBD গবেষকরা দেখেছেন যে, এই গবেষণায় নজরে রাখা মোট 88টি কারণকে সামাল দিতে পারলে বিশ্বজুড়ে প্রতি বছর যত স্বাস্থ্যবৎসর নষ্ট হয়, তার অর্ধেক পর্যন্ত রক্ষা করা সম্ভব। আশার কথা হলো, এই গবেষণা থেকে জানা যাচ্ছে যে 2010 থেকে 2023 সালের মধ্যে শীর্ষ 10টি ঝুঁকির কারণের মধ্যে আটটি থেকেই স্বাস্থ্য ক্ষতির পরিমাণ কমেছে। একই সময়ে, শীর্ষ দুটি ঝুঁকির কারণ—উচ্চ রক্ত শর্করা এবং উচ্চ বডি মাস ইনডেক্স—থেকে স্বাস্থ্য ক্ষতির পরিমাণ এই সময়ের মধ্যে বেড়ে গেছে।

GBD গবেষণায় তুলে ধরা এই বিভিন্ন রোগ, আঘাত এবং ঝুঁকির কারণগুলির মুখোমুখি হয়ে মানুষজন কেমন থাকবেন এবং তাঁদের নেতারা কীভাবে এর মোকাবিলা করবেন? COVID-19 মহামারির সময় ব্যাপক মৃত্যুর মধ্যেও, গত তিন দশকের স্বাস্থ্য প্রবণতা দেখায় যে গোটা বিশ্ব কমিউনিটি বড় ধরনের ঝুঁকির মোকাবিলায় একত্রে কাজ করতে পারে। কিছু বাধা এলেও, আরও দীর্ঘ ও সুস্থ জীবন পাওয়া মানুষের নাগালের মধ্যেই রয়েছে।

# শব্দকোষ

| | |
|---|---|
| **অক্ষমতা-সামঞ্জস্যকৃত আয়ু (DALYs)** | অকালমৃত্যু ও অক্ষমতার কারণে হারানো সুস্থ জীবনের বছরগুলি। DALYs হলো জীবনের হারানো বছর (YLLs) এবং অক্ষমতা সহকারে অতিবাহিত বছর (YLDs)-এর যোগফল। |
| **সম্ভাব্য আয়ু** | বর্তমান বয়স অনুযায়ী একজন মানুষ কত বছর বাঁচতে পারে তার আনুমানিক সংখ্যা। GBD-এর ক্ষেত্রে, একটি নির্দিষ্ট বয়সসীমার (যেমন: 50 থেকে 54 বছর বয়সীদের) সম্ভাব্য আয়ু সেই বয়সসীমার প্রথম বছর থেকে গণনা করা হয়। |
| **ঝুঁকির কারণসমূহ** | রোগ ও আঘাতের সেইসব কারণ, যা নিয়ন্ত্রণ করা যেতে পারে। |
| **সামাজিক-জনসংখ্যাতাত্ত্বিক সূচক (SDI)** | কোনো দেশ বা ভৌগোলিক এলাকা উন্নয়নের দিক থেকে ঠিক কোথায় আছে, তা বোঝানোর জন্য এটি একটি সংক্ষিপ্ত পরিমাপ। 0 থেকে 1-এর স্কেলে প্রকাশ করা এই SDI হলো GBD অধ্যয়নের অন্তর্ভুক্ত সকল এলাকার মাথাপিছু আয়, গড় শিক্ষাগত অর্জন এবং জন্মহারের র‍্যাঙ্কিংয়ের একটি সম্মিলিত গড়। |
| **বৃহৎ অঞ্চলসমূহ** | বিশ্বের সাতটি অঞ্চল, যাদের দেশগুলিকে মৃত্যুর কারণের প্যাটার্ন অনুযায়ী গোষ্ঠীবদ্ধ করা হয়েছে:<br>• মধ্য ইউরোপ, পূর্ব ইউরোপ ও মধ্য এশিয়া<br>• উচ্চ-আয়<br>• লাতিন আমেরিকা এবং ক্যারিবিয়ান<br>• উত্তর আফ্রিকা এবং মধ্যপ্রাচ্য<br>• দক্ষিণ এশিয়া<br>• দক্ষিণ-পূর্ব এশিয়া, পূর্ব এশিয়া ও ওশিয়ানিয়া<br>• সাব-সাহারান আফ্রিকা |
| **অক্ষমতা সহকারে কাটানো জীবন বছর (YLDs)** | স্বল্পমেয়াদী বা দীর্ঘমেয়াদী স্বাস্থ্যগত ক্ষতি সহকারে কাটানো জীবনের বছরগুলি। |
| **হারানো জীবন বছর (YLLs)** | অকালমৃত্যুর কারণে হারানো জীবনের বছরগুলি। |

# COVID-19-এর পরে বিশ্ব স্বাস্থ্য পরিস্থিতি আবার উঠে দাঁড়ালেও, অনেক অঞ্চলেই মানুষজন অকালে মারা যাচ্ছেন।

## মূল বিষয়সমূহ

18 মিলিয়ন মানুষের প্রাণহানির পরেও, COVID-19, 2021 সালের বিশ্বব্যাপী মৃত্যুর প্রধান কারণ থেকে নেমে 2023 সালে 20তম প্রধান কারণে পরিণত হয়েছে।

অ-সংক্রামক রোগ, বিশেষ করে কার্ডিওভাসকুলার রোগ এবং ক্যানসারের কারণে বয়স-সামঞ্জস্যকৃত মৃত্যুর হার সবচেয়ে বেশি নিম্ন সামাজিক-ডেমোগ্রাফিক সূচক অঞ্চলে,[1] বিশেষ করে সাব-সাহারা আফ্রিকার কিছু অংশে।[2]

অনেক দেশে, বিশেষ করে যেখানে সম্পদ সীমিত, সেখানে অ-সংক্রামক রোগ প্রতিরোধ ও চিকিৎসার ভালো সুযোগের প্রয়োজন।

## এই অধ্যয়নে নতুন কী আছে

55,761 টি তথ্যসূত্র অন্তর্ভুক্ত করা হয়েছে।


গবেষকরা এখানে নতুন কিছু পরিমাপের পদ্ধতি ব্যবহার করেছেন যার মধ্যে রয়েছে 70 বছর বয়সের আগে মৃত্যুর সম্ভাব্যতা এবং প্রায় 300টি ভিন্ন ভিন্ন কারণে গড় মৃত্যুবয়স।

COVID-19 পরবর্তী বিশ্ব স্বাস্থ্যের সবচেয়ে বিস্তারিত বিশ্লেষণ।

[1]সামাজিক-জনসংখ্যাতাত্ত্বিক সূচক হলো একটি সম্মিলিত পরিমাপ ব্যবস্থা, যার মধ্যে আয়, শিক্ষা ও জন্মহার অন্তর্ভুক্ত
[2]প্রতি 100,000 মানুষের মধ্যে বয়স-মানদণ্ডে সমন্বিত মৃত্যুর সংখ্যা হিসেবে পরিমাপ করা হয়

COVID-19, 2019 সাল থেকে 2023 সালের মধ্যে 18 মিলিয়ন মানুষের জীবন কেড়ে নিলেও, 2023 সালে এটি আর মৃত্যুর প্রধান কারণের মধ্যে ছিল না।


### 2021 এর তুলনায় 2023 সালে বিশ্বব্যাপী মৃত্যুর প্রধান কারণসমূহ (বয়স-সামঞ্জস্যকৃত)[3]




[3]প্রতি 100,000 মানুষের মধ্যে বয়স-সামঞ্জস্যকৃত মৃত্যু, সকল লিঙ্গ মিলিয়ে
*দীর্ঘমেয়াদী শ্বাসতন্ত্রের রোগ

ডায়াবেটিস, মাদকের অপব্যবহারজনিত অসুস্থতা, সহিংসতা এবং তাপপ্রবাহ মানুষের স্বাস্থ্যের দ্রুততম ক্রমবর্ধমান হুমকিগুলির মধ্যে অন্যতম।

### 2013 থেকে 2023 সাল পর্যন্ত নির্বাচিত কারণগুলিতে মৃত্যুর বার্ষিক শতাংশ বৃদ্ধি।





**এই চ্যালেঞ্জগুলি মোকাবিলা করতে জনস্বাস্থ্য কর্মসূচিতে বিনিয়োগ, সকলের জন্য মানসম্পন্ন স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ এবং প্রেক্ষিতভিত্তিক সামাজিক ও অর্থনৈতিক নীতিমালা গ্রহণ করা প্রয়োজন।**

 **সূত্র:** https://www.thelancet.com/journals/lancet/article/PIIS0140-6736(25)01917-8/fulltext, *The Lancet.*

সামাজিক-জনসংখ্যাগত সূচক (SDI) যে সমস্ত অঞ্চলে বেশি, সেখানে অ-সংক্রামক রোগে মৃত্যুর হার দ্রুত কমতে থাকলেও যে সমস্ত দেশে SDI-এর মান কম সেগুলিতে এর হার চিরাচরিতভাবে বেশিই রয়েছে।

## 1990–2023 এ সামাজিক-জনসংখ্যাগত সূচক (SDI)-এর স্তর অনুযায়ী অ-সংক্রামক রোগে মৃত্যুর হার (বয়স-সামঞ্জস্যকৃত)[4]





[4]প্রতি 100,000 মানুষের মধ্যে বয়স-সামঞ্জস্যকৃত মৃত্যু, সকল লিঙ্গ মিলিয়ে

---

দেশভেদে মৃত্যু হওয়ার গড় বয়স ভিন্ন হলেও হৃদ্‌রোগ ও অন্যান্য অ-সংক্রামক রোগের কারণে অল্প বয়সে মৃত্যুর সংখ্যা কমিয়ে আনতে আরও কার্যকর প্রতিরোধ শক্তি, রোগ নির্ণায়ক ও চিকিৎসা ব্যবস্থা প্রয়োজন।

## 2023-এ হৃদ্‌রোগ জনিত রোগের কারণে যে গড় বয়সে বেশিরভাগ জনের মৃত্যু ঘটেছে



# COVID-19 জনিত পরিস্থিতি কাটিয়ে ওঠার সময় কয়েকটি অঞ্চলে মৃত্যুর হার বৃদ্ধি পেতে দেখা গেছে

## মূল বিষয়সমূহ

আয়ু ও মৃত্যুর হার বৃহৎ পরিমাণে COVID-19 পূর্ববর্তী স্তরে ফেরত এসেছে।

পূর্ব ইউরোপ ও উচ্চ আয় বিশিষ্ট উত্তর আমেরিকা বাদে বেশিরভাগ অঞ্চলে শিশু, নাবালক ও তরুণ-তরুণীদের মধ্যে মৃত্যুর হার কমেছে।

নতুন ডেটা ও পদ্ধতি মেনে চলায় সাহারা মরুভূমির দক্ষিণ দিকে থাকা আফ্রিকা অংশে মৃত্যুর হার পূর্বে তুলনায় বেশি হওয়ার কথা জানা গিয়েছে।

## এই অধ্যয়নে নতুন কী আছে


নতুন ও উন্নত পদ্ধতি যা আগে তুলনায় আরো বেশি নির্ভুল অনুমান করতে সাহায্য করে।

24,000-টিরও বেশি তথ্য সূত্রের ব্যবহার করা হয়েছে, যার মধ্যে গুরুত্বপূর্ণ রেকর্ড, জনশুমারি ও বিভিন্ন সমীক্ষা অন্তর্ভুক্ত।

সাহারা মরুভূমির দক্ষিণ দিকে থাকা আফ্রিকা অংশে মৃত্যুর হার সম্পর্কিত বিষয়ে বিশ্লেষণ করে নতুন তথ্যে জানা গিয়েছে।

দুই-তৃতীয়াংশ দেশে ও অঞ্চলে লোকেদের আয়ুষ্কাল আবার মহামারির পূর্বের স্তরে ফিরে এসেছে।

**2013–2023 এ GBD বেশি এমন অঞ্চলে ব্যক্তিদের সম্ভাব্য আয়ু[1]**





[1]চিত্রটিতে সমস্ত লিঙ্গের ব্যক্তিদের ক্ষেত্রে জন্মের সময় সম্ভাব্য আয়ু দেখানো হয়েছে।



**সূত্র:** https://www.thelancet.com/journals/lancet/article/PIIS0140-6736(25)01330-3/fulltext, *The Lancet*.


উত্তর আমেরিকা ও পূর্ব ইউরোপের কয়েকটি দেশে শিশু ও তরুণ-তরুণীদের মধ্যে মৃত্যুর সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেতে দেখা গেছে।

### 1990–2023-এ মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডাতে 5–14 বছর বয়সী শিশুদের মধ্যে মৃত্যুর হার (প্রতি 100,000 জনে মৃত্যুর সংখ্যা)





**দ্রষ্টব্য:** পাঠনযোগ্যতা বাড়িয়ে তোলার জন্য, উত্তর আমেরিকার উচ্চ আয় বিশিষ্ট অঞ্চলের অন্তর্ভুক্ত গ্রীনল্যান্ডকে এই তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। গ্রীনল্যান্ড সম্পর্কিত অনুমানগুলি দেখতে https://vizhub.healthdata.org/gbd-compare এ যান।

### 1990–2023-এ মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডা ও পূর্ব ইউরোপের দেশগুলিতে 15–24 বছর বয়সীদের মধ্যে মৃত্যুর হার (প্রতি 100,000 জনে মৃত্যুর সংখ্যা)




নতুন ডেটা ও পদ্ধতিগুলিতে দেখা গেছে যে সাব সাহারান আফ্রিকার অংশে বালিকা ও মহিলাদের (15–29 বছর বয়সী) মধ্যে মৃত্যুর হার পূর্বের রিপোর্টের থেকে 61% বেশি রয়েছে।

### GBD বেশি রয়েছে এমন অঞ্চলে 15–29 বছর বয়সী মহিলাদের ক্ষেত্রে মৃত্যুর সংখ্যা (প্রতি 100,000 জনে মৃত্যুর সংখ্যা)



# সংক্রমণজনিত ব্যাধি রোধ করার জন্য বিশ্বের বিভিন্ন প্রান্তে খুবই উন্নতি লক্ষ্য করা গেছে কিন্তু ডায়াবেটিস, মানসিক রোগ এবং স্থূলত্ব/ অত্যধিক ওজনজনিত সমস্যা ক্রমাগত বৃদ্ধি পেয়েছে

## মূল বিষয়সমূহ

2013 থেকে 2023-এর মধ্যে, ডায়াবেটিস, উদ্বেগ ও বিষণ্ণতা জনিত রোগের কারণে সুস্থ জীবন যাপন না করতে পারার সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পেয়েছে।

বিশ্বজুড়ে প্রতি বছর বিভিন্ন ধরনের ঝুঁকির কারণগুলি, বিশেষত উচ্চ রক্তচাপ, বায়ু দূষণ (ধূলিকণা), ধূমপান, উচ্চ রক্ত শর্করা এবং উচ্চ বডি মাস ইনডেক্স (স্থূলতা/ অত্যধিক ওজন)-এর মোকাবিলা করলে, প্রতি বছর বিশ্বজুড়ে হারিয়ে যাওয়া সুস্থ জীবনের বছরগুলোকে অর্ধেকে নামিয়ে আনা যেতে পারে।

কম বয়সের মৃত্যু হওয়া ও সংক্রমণজনিত ব্যাধির কারণে দুর্বল স্বাস্থ্য থাকার ঘটনা তাৎপর্যপূর্ণভাবে কমে এসেছে এবং নবজাতকদের স্বাস্থ্য উন্নত হয়েছে, তবুও বিশ্ব জুড়ে স্বাস্থ্যগত অবনতির ক্ষেত্রে নবজাতকদের ব্যাধি দ্বিতীয় অন্যতম কারণ হিসেবে রয়ে গেছে।

## এই অধ্যয়নে নতুন কী আছে

ব্যাধি ও আঘাত জনিত ঘটনার জন্য 120,000-টিরও বেশি তথ্যসূত্র এবং ঝুঁকিজনিত বিষয়ের জন্য 59,000-টি তথ্যসূত্র বিশ্লেষণ করা হয়েছে।

পাঁচটি নতুন কারণ যোগ করা হয়েছে: আলসারেটিভ কোলাইটিস; ক্রোনের রোগ; থাইরয়েডজনিত রোগ; অন্ত্রনালী, মেটাবলিক, রক্ত ও রোগ প্রতিরোধ ক্ষমতাজনিত রোগ ও বিদ্যুৎস্পৃষ্ট হওয়া।

উন্নত পদ্ধতি, বিশেষত শিশুদের যৌন নিগ্রহ, যৌনভাবে ঘনিষ্ঠ সঙ্গীর উপর অত্যাচার করা ও সীসার সংস্পর্শে আসার সাথে সম্পর্কিত।

বিশ্বব্যাপী অল্প বয়সে মৃত্যু ঘটা ও প্রতিবন্ধী হয়ে ওঠার ক্ষেত্রে শীর্ষ 10টি প্রধান কারণের অর্ধেকের বেশি হলো অ-সংক্রমনজনিত রোগ।

### বিশ্বব্যাপী অল্প বয়সে মৃত্যু হওয়া ও দুর্বল স্বাস্থ্যের মুখ্য কারণগুলি, 2023[1]

2023-এর র‍্যাঙ্ক


1 ইস্কেমিক হৃদরোগ
2 নবজাতকের রোগ
3 স্ট্রোক
4 নিম্ন শ্বাসনালী সংক্রমণ
5 ডায়াবেটিস
6 রাস্তাঘাটে দুর্ঘটনা
7 দীর্ঘস্থায়ী অবরোধক ফুসফুসীয় ব্যাধি
8 পতন
9 কোমরের নিম্নাংশে যন্ত্রণা
10 ডায়রিয়া রোগ

অসংক্রামক রোগসমূহ
সংক্রামক রোগ, প্রসূতি, নবজাত ও পুষ্টিজনিত রোগসমূহ
আঘাত

[1]2023-এ সমস্ত লিঙ্গের, সমস্ত বয়সের, GBD ক্রমবিন্যাসের তৃতীয় স্তরের অক্ষমতা সামঞ্জস্য করা আয়ুর মুখ্য কারণগুলি।

অসংক্রমনজনিত রোগগুলির মধ্যে যে কয়েকটি দ্রুত বৃদ্ধি পাচ্ছে, তার মধ্যে রয়েছে ডায়াবেটিস এবং বিষণ্ণতা ও উদ্বেগ জনিত রোগসমূহ।[2]

### 2013–2023-এ ডায়াবেটিস উদ্বেগ জনিত ও বিষণ্ণতা জনিত রোগের কারণে সুস্থ জীবনের বছর নষ্ট হওয়া





[2]2013–2023 এ সমস্ত লিঙ্গের, বয়স বিশেষে মানসম্মত অক্ষমতা-সামঞ্জস্যকৃত বর্ধিত আয়ুর ভিত্তিতে করা পরিমাপ।



সূত্র: https://www.thelancet.com/journals/lancet/article/PIIS0140-6736(25)01637-X/fulltext, *The Lancet.*

সংক্রমণজনিত রোগ ও ব্যাধির কমিয়ে আনার ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ অগ্রগতি লক্ষ্য করা গেছে কিন্তু স্বাস্থ্য খাতে উন্নয়নের সহায়তা কমে যাওয়ার জন্য এই সফলতায় বাধা দেখা দিয়েছে।[3,4]

## 1990–2023-এ বিভিন্ন ধরনের আঘাত, যক্ষ্মা, ম্যালেরিয়া, HIV/AIDS ও নবজাতকের বিভিন্ন ধরনের রোগের (বয়স-সামঞ্জস্যকৃত) কারণে স্বাস্থ্যকর জীবনের বছর নষ্ট হওয়া




[3]সমস্ত লিঙ্গের নিরিখে, বয়স-সামঞ্জস্যকৃত অক্ষমতা সমন্বিত জীবনের কমে যাওয়া বছরের ভিত্তিতে পরিমাপ করা
[4]আরও তথ্য জানতে, ***গ্লোবাল হেলথ 2025-এর অর্থায়ন করা*** দেখুন: https://www.healthdata.org/research-analysis/library/financing-global-health-2025-cuts-aid-and-future-outlook

বিশ্বব্যাপী অল্প বয়সে মৃত্যু ঘটা ও প্রতিবন্ধী হয়ে যাওয়ার মূল তিনটি কারণ হলো উচ্চ রক্তচাপ, বায়ুদূষণ (ধূলিকণা) ও ধূমপান করা।

## 2023 এ বিশ্বব্যাপী অল্প বয়সে মৃত্যু ঘটা ও দুর্বল স্বাস্থ্যের মূল কারণগুলি[5]

**2023-এর র‍্যাঙ্ক**


1 উচ্চ রক্তচাপ
2 ধূলিকণার দূষণ
3 ধূমপান
4 উচ্চ রক্ত শর্করা
5 নবজাতকের কম ওজন ও অকাল জন্ম
6 উচ্চ বডি মাস ইনডেক্স (প্রাপ্তবয়স্ক)
7 কিডনির কার্যকারিতা ব্যাহত হওয়া
8 উচ্চ কোলেস্টেরল
9 শিশুর বৃদ্ধি ব্যাহত হওয়া
10 সীসার সংস্পর্শে আসা

বিপাকীয় ঝুঁকি
পরিবেশগত/পেশাগত ঝুঁকি
আচরণগত ঝুঁকি

[5]এই র‍্যাঙ্কিং সমস্ত বয়স ও সমস্ত লিঙ্গের, GBD ক্রমবিন্যাসের তৃতীয় স্তরের জন্য প্রধান কারণগুলির কারণে মোট প্রতিবন্ধিতা-সমন্বিত জীবন বছরের শতকরা হারকে দর্শায়।

রক্তের শর্করার মাত্রা বেশি থাকা ও বডি মাস ইনডেক্স বেশি থাকা জনিত স্বাস্থ্যের অবনতির ঘটনা বৃদ্ধি পাচ্ছে তবে অন্যান্য বেশ কয়েকটি কারণ কমতে দেখা গেছে।

## 2010–2023 এ বিশ্বব্যাপী অল্প বয়সে মৃত্যু হওয়া এবং প্রতিবন্ধকতার শীর্ষ 10টি মুখ্য কারণে মধ্যে দেখতে পাওয়া পরিবর্তন[6]




উভয় লিঙ্গের ক্ষেত্রে, বয়সের নিরিখে ঝুঁকি সাপেক্ষে অক্ষমতা-সামঞ্জস্য করা আয়ুর শতাংশের পরিবর্তন

[6]এই র‍্যাঙ্কিং সমস্ত বয়স ও সমস্ত লিঙ্গের, GBD ক্রমবিন্যাসের তৃতীয় স্তরের জন্য প্রধান কারণগুলির কারণে মোট প্রতিবন্ধিতা-সমন্বিত জীবন বছরের শতকরা হারকে দর্শায়।

# GBD 2023 অধ্যয়নের সংস্থানসমূহ

## অধ্যয়নের সম্পর্কে তথ্য

https://www.healthdata.org/research-analysis/gbd

## গ্লোবাল হেলথ ডেটা এক্সচেঞ্জ (GHDx)

https://ghdx.healthdata.org/gbd-2023

## ইন্টারেক্টিভ ডেটা ভিজুয়ালাইজেশন

| | |
|---|---|
| GBD-এর তুলনা | http://vizhub.healthdata.org/gbd-compare |
| GBD ক্যান্সার ঘটেছে এমন ঘটনার তুলনা | http://vizhub.healthdata.org/gbd-compare/cancer |
| GBD ফলাফলের টুল | https://vizhub.healthdata.org/gbd-results |
| **(নতুন!)** GBD লিঙ্গ বৈষম্য | http://vizhub.healthdata.org/gbd-compare/sex-differences |
| প্রমাণের প্রভাব | https://vizhub.healthdata.org/burden-of-proof |
| দেশ ও দেশের অভ্যন্তরীণ স্তরের প্রোফাইল | https://www.healthdata.org/research-analysis/health-by-location/profiles |

| | |
|---|---|
| **সূত্র** | https://ghdx.healthdata.org/gbd-2023/sources |
| **প্রশিক্ষণ ও কর্মশালা** | https://www.healthdata.org/research-analysis/training |
| **সহযোগী নেটওয়ার্ক** | https://www.healthdata.org/research-analysis/gbd/collaborator-network |
| **পডকাস্ট** | https://www.healthdata.org/news-events/podcasts |
| **ভিডিও** | https://www.healthdata.org/news-events/videos |

## সমাজমাধ্যম ও ইমেইল

LinkedIn

Facebook

X

Youtube

ihme@healthdata.org

IHME | W UNIVERSITY of WASHINGTON

**ফলাফল ও অন্যান্য GBD ডেটা ডাউনলোড করুন:**
http://ghdx.healthdata.org/gbd-2023